আমাদেরসময়

তারিখ ... 15 MAR 2016 ......
পৃষ্ঠা ... 2 ... কলাম ৩ ... ......

### শিক্ষা ক্যাডারে প্রেষণ সংযুক্তি বাতিল

# কলেজেই পাঠদানে থাকতে হবে শিক্ষকদের

এম এইচ রবিন ●

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার সদস্যদের শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ (মাউশি) অন্যান্য দপ্তর ও সংস্থায়, বিশ্ববিদ্যালয়/কলেজে প্রেষণ/সংযুক্তি থাকার আদেশ বাতিল করে নিজ নিজ কর্মস্থলে ফেরত পাঠানোর অনুশাসন দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়।

সারা দেশে সরকারি কলেজগুলোয় সুষ্ঠু পাঠদানের লক্ষ্যে প্রধানমন্ত্রী এ বিষয়ে অনুশাসন প্রদান করেছেন। এ সংক্রান্ত একটি চিঠি শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। এর পরিপ্রেক্ষিতে গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয় বিভি-ন্ন কলেজে সংযুক্তিতে থাকা বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার সদস্যদের তালিকা চেয়ে মাউশির কাছে চিঠি দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্ভরযোগ্য একটি সূত্র গতকাল আমাদের সময়কে এ তথ্য নিশ্চিত করেন।

সূত্র জানান, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো এক আদেশে বলা হয়েছে– 'মাধ্যমিক ও উচ্চ শিক্ষার আওতাধীন বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সদস্যদের শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ অন্যান্য দপ্তর ও সংস্থায়, বিশ্ববিদ্যালয়/কলেজে প্রেষণ/সংযুক্তি থাকা আদেশ বাতিল পূর্বক নিজ নিজ কর্মস্থলে ফেরত পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সরকারি কলেজে সুষ্ঠু পাঠদানের লক্ষ্যে প্রধানমন্ত্রী এ বিষয়ে অনুশাসন প্রদান করেছেন।'

জানা গেছে, বছরের পর বছর শহরের নামিদামি কলেজ ও শিক্ষা অফিসে শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের চাকরি করার সুযোগ বন্ধ করতে প্রধানমন্ত্রী এ অনুশাসন দিয়েছেন। বছরের পর বছর গ্রামের কলেজ ফাঁকা রেখে রাজধানী ঢাকাসহ অন্য বিভাগীয় শহরের কলেজগুলোতে বিসিএস শিক্ষকরা সংযুক্তিতে থেকে চাকরি করছেন। এতে গ্রামের শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছে। শিক্ষা অধিদপ্তর, বিভিন্ন প্রকল্প, এনসিটিবি এবং শিক্ষা বোর্ডগুলোয় শিক্ষা ক্যাডারের সদস্যরা প্রেষণে বছরের পর বছর থাকছেন।

এ বিষয়ে মিশ্র প্রতিক্রিয়া জানিয়েছেন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কয়েকজন সদস্য।